গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ডাক বিভাগ
ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০।

নথি নং-প্রশাসন-নিয়োগ/২০০৯ তারিখ ঃ ০৬/০৮/২০০৯ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ ডাক বিভাগের অধীনে ডাক অধিদপ্তরের নিম্ন বর্নিত পদ সমূহে সরকারী নিয়োগ বিধি অনুযায়ী নিম্নে উল্লেখিত শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নংঃ	পদের নাম ও স্কেল (২০০৫ সালের স্কেল)	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা
১।	সহকারী ৩৫০০-৭৫০০/-	০৮ (আট)টি	অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী।
২।	সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর(বর্তমান) ৩৫০০-৭৫০০/ পূর্বের পদ- সাঁটলিপিকার	০৬ (ছয়) টি	উচ্চ মাধ্যমিক পাশ সহ বাংলা ও ইংরেজী সর্টহ্যান্ডে প্রতি মিনিটে যথাক্রমে ৫০ ও ৮০ শব্দ গতি এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হবে- ক) বাংলাঃ প্রতি মিনিটে ২০ শব্দ খ) ইংরেজীঃ প্রতি মিনিটে ২৫ শব্দ
৩।	সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর(বর্তমান) ৩৩০০-৬৯৪০/- পূর্বের পদ- সাঁটমুদ্রাক্ষরিক	০৫ (পাঁচ) টি	উচ্চ মাধ্যমিক পাশ সহ বাংলা ও ইংরেজী সর্টহ্যান্ডে প্রতি মিনিটে যথাক্রমে ৪৫ ও ৭০ শব্দ গতি এবং কম্পিউটার ব্যবহারের ক্ষেত্রে Word Processing/ Data Entry ও Typing ইত্যাদির সর্বনিম্ন গতি নিম্নরূপ হবে- ক) বাংলাঃ প্রতি মিনিটে ২০ শব্দ খ) ইংরেজীঃ প্রতি মিনিটে ২৫ শব্দ
৪।	নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক ৩০০০-৫৯২০/-	০৫ (পাঁচ) টি	উচ্চমাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা সহ টাইপে প্রতি মিনিটে বাংলা ও ইংরেজী যথাক্রমে ২০ ও ২৮ শব্দ গতি থাকতে হবে।
৫।	হিসাব সহকারী ৩১০০-৬৩৮০/-	০১ (এক) টি	স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ (এইচ.এস.সি.)
৬।	মেশিনিষ্ট ৩০০০-৫৯২০/-	০১ (এক) টি	স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক পাশ (এইচ.এস.সি.)
৭।	ইলেকট্রিশিয়ান ৩০০০-৫৯২০/-	০১ (এক) টি	স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক (এস.এস.সি.) পাশ সহ ট্রেড্র কোর্সে সার্টিফিকেট/ ডিপ্লোমা এবং বি./ সি. ক্যাটাগরীর লাইসেন্স থাকতে হবে।
৮।	ড্রাইভার/ স্কুটার ড্রাইভার ৩০০০-৫৯২০/-	০৪ (চার) টি	৮ম শ্রেনী পাশসহ। মোটর গাড়ী চালানোর বৈধ লাইসেন্স থাকতে হবে। মোটর গাড়ী (ভারী/হালকা) চালনায় কমপক্ষে ০২ বৎসরের অভিজ্ঞতা থাকতে হবে।
৯।	ওয়ারম্যান ২৫০০-৪৫৯০/-	০১ (এক) টি	৮ম শ্রেনী পাশ ও বি./ সি. ক্যাটাগরীর লাইসেন্সসহ ট্রেড্র কোর্স পাশ থাকতে হবে।
১০।	এম.এল.এস.এস. ২৪০০-৪৩১০/-	১৩ (তের) টি	৮ম শ্রেনী পাশ এবং সু-স্বাস্থ্যের অধিকারী।
১১।	গার্ড ২৪০০-৪৩১০/-	০১ (এক) টি	৮ম শ্রেনী পাশ এবং সু-স্বাস্থ্যের অধিকারী।

২। আগ্রহী প্রার্থীদের নির্ধারিত ফরমে আবেদন করে আগামী ১০/০৯/২০০৯ ইং তারিখের মধ্যে কেবলমাত্র জিইপি অথবা রেজিস্ট্রি ডাক যোগে আবেদনপত্র **প্রশাসনিক কর্মকর্তা, ডাক অধিদপ্তর, ঢাকা-১০০০** এর নিকট পৌছাতে হবে। হাতে হাতে কিংবা সাধারণ ডাকের আবেদন গ্রহণ করা হবেনা।

৩। বাংলাদেশ ডাক বিভাগের নিম্নলিখিত অফিস সমূহে ০২ (দুই) টাকার বিনিময়ে আবেদনের জন্য নির্ধারিত ফরম পাওয়া যাবে।

(ক) সকল জিপিও।

(খ) সকল জেলা প্রধান ডাকঘর।

(গ) সকল উপজেলা ডাকঘর।

নির্ধারিত আবেদন ফরমের স্পষ্ট ফটোকপিও গ্রহণযোগ্য হবে। এছাড়া বাংলাদেশ ডাক বিভাগের ওয়েবসাইট www.bangladeshpost.gov.bd থেকে ডাউনলোড করেও আবেদন ফরম সংগ্রহপূর্বক আবেদন করা যাবে।

৪। **শর্তাবলী ঃ**

(ক) প্রার্থীদের বয়স আগামী ১০/০৯/২০০৯ খ্রিঃ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স ৩২ বৎসর পর্যন্ত শিথিল যোগ্য।

(খ) প্রার্থীগণকে দরখাস্তের সাথে নিম্নলিখিত কাগজপত্র দাখিল করতে হবেঃ

I) সকল শিক্ষাগত যোগ্যতার সনদ পত্রের সত্যায়িত অনুলিপি। এক্ষেত্রে কোন প্রকার এপিয়ার্ড সার্টিফিকেট/মার্কসীট, প্রশংসাপত্র বা একাডেমিক ট্রান্সক্রিপ্ট গ্রহণযোগ্য হবেনা।

II) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে এইচএসসি সনদের পাশাপাশি বাংলা ও ইংরেজী সর্টহ্যান্ড এবং কম্পিউটার ব্যবহারে দক্ষতার অভিজ্ঞতার সনদপত্র জমা দিতে হবে।

III) ইলেকট্রিশিয়ান ও ওয়ারম্যান পদের আবেদনকারীদের বি/ সি ক্যাটাগরীর লাইন্সেসের সত্যায়িত অনুলিপি সহ ট্রেড কোর্সের সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

IV) ড্রাইভার/ স্কুটার ড্রাইভার পদের আবেদনকারীদের বৈধ ড্রাইভিং সনদের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

V) নাগরিকত্বের প্রমানস্বরূপ স্থায়ী ঠিকানার অনুকূলে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/ পৌর ওয়ার্ড কমিশনার/ সিটি কর্পোরেশন ওয়ার্ড কমিশনার এর নিকট হতে নাগরিকত্বের সনদপত্র জমা দিতে হবে।

VI) একজন ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

VII) সাম্প্রতিককালে তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।

VIII) মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ এর অনুকুলে ২০০/- (দুইশত) টাকা মূল্যমানের অফেরতযোগ্য ক্রস্‌ড পোস্টাল অর্ডার।

IX) মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে সরকারী আদেশ মোতাবেক যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক তাদের পিতা/ মাতাকে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত অনুলিপি।

X) উপজাতি প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজাতীয় সার্কেল প্রধান/ সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

XI) আনসার ও গ্রাম প্রতিরক্ষা দলের সদস্যদের ক্ষেত্রে জেলা আনসার এ্যাডজুটেন্ট/ জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

XII) এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি।

XIII) প্রার্থীদেরকে ৩ টাকা মূল্যের স্ট্যাম্প লাগানো এবং নিজের পূর্নাঙ্গ পোস্টাল ঠিকানা লিখা ফেরত খাম আবেদনপত্রের সঙ্গে দিতে হবে।

৫। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবেনা।

৬। সরকারী নিয়োগ বিধি অনুযায়ী জেলা কোটাসহ অন্যান্য কোটা অনুসরণ করা হবে।

৭। প্রেরিত আবেদন পত্রে খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম লিখতে হবে।

৮। বিভিন্ন পদে প্রার্থীগণকে নিম্নে বর্নিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ক) সহকারী পদে প্রাথীদেরকে বাংলা, ইংরেজী, প্রাথমিক গনিত ও সাধারণ বিষয় (সাধারণ জ্ঞান, স্বায়ত্বশাসিত/ আধা স্বায়ত্বশাসিত ও সরকারী প্রতিষ্ঠানের নিয়মকানুন সম্পর্কে প্রাথমিক ধারণা) বিষয়ে মোট ১০০ নম্বরের ১ (এক) ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষা এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষায় প্রার্থীদেরকে অংশগ্রহন করতে হবে।

(খ) সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর, সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে বাংলা ও ইংরেজী প্রতি পত্রে ২০০ নম্বরের (বাংলা ও ইংরেজী রচনা লিখনে ৫০, বাংলা, ইংরেজী টাইপে ৫০ এবং বাংলা, ইংরেজী সর্টহ্যান্ড ১০০) পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। তবে ১০০ নম্বরের বাংলা ও ইংরেজী রচনা লিখনে (প্রতিটিতে ৫০ নম্বর) পাশ করা প্রার্থীরাই শুধুমাত্র সর্টহ্যান্ড ও কম্পিউটার পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

(গ) নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক পদে বাংলা, ইংরেজী, গনিত ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষায় প্রার্থীদেরকে অংশগ্রহন করতে হবে।

নিয়োগ বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তানুসারে বাংলা ও ইংরেজী টাইপ পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক ও টাইপ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবেন।

(ঘ) মেশিনিষ্ট পদে বাংলা, ইংরেজী, গনিত ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষায় প্রার্থীদেরকে অংশগ্রহন করতে হবে।

(ঙ) ইলেকট্রিশিয়ান পদে বাংলা ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ৬০ (ষাট) নম্বরের এক ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষা এবং ৪০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(চ) ড্রাইভার/ স্কুটার ড্রাইভার পদে বাংলা ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ৩০ (ত্রিশ) নম্বরের এক ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষা, ৫০ নম্বরের ব্যবহারিক পরীক্ষা এবং ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ছ) ওয়ারম্যান, এম.এল.এস.এস এবং গার্ড পদে বাংলা ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ৩০ (ত্রিশ) নম্বরের লিখিত (এক ঘন্টা ব্যাপী) পরীক্ষা এবং ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(জ) হিসাব সহকারী পদে বাংলা, ইংরেজী, গনিত ও সাধারণ জ্ঞান বিষয়ে মোট ১০০ নম্বরের ১ (এক) ঘন্টার লিখিত পরীক্ষা এবং ১০ নম্বরের মৌখিক পরীক্ষায় প্রার্থীদেরকে অংশগ্রহন করতে হবে।

৯। পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র সম্পর্কে পত্রিকা ও প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে।

১০। সরকারী/বেসরকারী অফিসে কর্মরত কর্মচারীগণকে উল্লেখিত শর্তাবলী পালন সাপেক্ষে স্ব স্ব কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত তারিখের মধ্যে আবেদন করতে হবে। ডাক বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে (সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর এবং সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর পদে) বয়স শিথিলযোগ্য।

১১। নির্ধারিত তারিখের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না এবং অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১২। বিজ্ঞাপিত শূন্য পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি বা বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। নিয়োগের ব্যাপারে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

(মোখতার আহমেদ)
পরিচালক